জীবননগর নবাগত উপজেলা নির্বাহী অফিসার রোকুনুজ্জামানকে সংবর্ধনা

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো.রোকুনুজ্জামানকে সংবধনা প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবনগর উপজেলা লোকমোচার আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় সভাকক্ষে উপজেলা ও জেলা লোকমোর্চার বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠানে এ সংবধনা প্রদান করা হয়।

জীবননগর উপজেলা লোকমোচার সভাপতি ও উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো.রোকুনুজ্জামান ।

এসময় উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সভাপতি এড.বেলাল হোসেন,সাধারণ সম্পাদক দৈনিক প্রথম আলো পত্রিকার জেলা প্রতিনিধি শাহ আলম সনি,জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী,উপজেলা লোকমোর্চার সহসভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল,সাইদুর রহমান,আকিমুল ইসলাম,মাই টিভির মিঠুন মাহমুদ,এ আর ডাবলু ওয়েব ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন জীবননগর উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল ।

কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে নবাগত ইউএনও‘র মতবিনিময়

সাংবাদিকদের সাথে নবাগত উপজেলা নির্বাহী অফিসারের মতবিনিময় ও

পরচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন প্রেস ক্লাব কোটচাঁদপুরের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল,সিনিয়র সাংবাদিক মোঃ কামাল হাওলাদার, রিপোটাস ক্লাবের সাধারণ সম্পাদক সুব্রত কুমার, কোটচাঁদপুর সাংবাদিক ইউনিয়নের সভাপতি রায়হান উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, য়ায় য়ায় দিন পত্রিকার কোটচাঁদপুর উপজেলা প্রতিনিধি মোঃ আলমগীর খান,রির্পোটাস ইউনিটের সাধারণ সম্পাদক খোন্দকার আব্দুল্লাহ বাসার, সহ সভাপতি মোঃ সোহেল চৌধুরী, সাংগঠনিক সম্পাদক মোঃ রমজান আলী,রির্পোটাস ক্লাবের সদস্য রেজাউল ইসলাম, আকিমুল ইসলাম, রোকুনুজ্জামান।
এ সময় শুরু হয় উন্মুক্ত আলোচনা।

উপজেলা নির্বাহী অফিসার কোটচাঁদপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এবং সাংবাদিকদের কাছে সহযোগিতা কামনা করেন। সাংবাদিকদের পক্ষে মোঃ কামাল হাওলাদার বলেন কোটচাঁদপুর সাংবাদিকদের কোন বসার জায়গা নাই।আমরা চায় আপনি আমদের বসার জায়গা করে দিবেন।এটা আমরা চিরদিন স্বরণ করবো।

ঝিনাইদহে সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপারের মত বিনিময়

ঝিনাইদহ জেলায় কর্মরত সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৭আগষ্ট) দুপুরে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এই মতবিনিমিয় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিয় সভায় নবাগত পুলিশ মোহাম্মদ আশিকুর রহমান বিপিএম, টিপিএম (বার) ছাড়াও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার ঝিনাইদহ সদর সার্কেল এসপি আবুল বাশার, অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল, সদর থানার ওসি শেখ মোহাম্মদ

সোহেল রানা। এসময় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারন সম্পাদক মাহমুদুল হাসান টিপু, সিনিয়র সদস্য দৈনিক উত্তেফাকের বিমল বিশ্বাস, কালের কন্ঠ পত্রিকার সাইফুল মাবুদ, এটিএন বাংলা ও এটিএন নিউজ এর জেলা প্রতিনিধি নিজাম জোয়ার্দ্দার, প্রেসক্লাবের সহ সভাপতি ফয়সাল আহম্মেদ, সহসাধারণ সহসাধারণ সম্পাদক কে এম সালেহসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

আশিকুর রহমান গত ২৫ আগস্ট ঝিনাইদহের এর পুলিশ সুপার হিসাবে যোগদান করেছেন। তিনি ২৪তম বিসিএস পরীক্ষায় পুলিশ সার্ভিসের মাধ্যমে সহকারী পুলিশ সুপার (এএসপি) পদে নিয়োগ লাভ করেন। কর্মজীবনের শুরুতে তিনি সহকারী পুলিশ সুপার হিসেবে সাতক্ষীরা জেলায় যোগদান করেন এবং সর্বশেষ উপ-পুলিশ কমিশনার (ডিবি) হিসেবে ঢাকা মেট্রোপলিটন পুলিশের দায়িত্ব পালন করেছেন ।

পুলিশ বিভাগে চাকরিতে আসার পর থেকে পেশাগত দায়িত্ব পালনে জনগনের সেবার বিষয়টি নিজের মেধা ও প্রজ্ঞা দিয়ে নিষ্ঠার সাথে পালন করে আসছেন বলে তিনি জানান। তিনি জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞান বিভাগে অনার্স এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন।

মতবিনিময় সভায় নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান বলেন, এখানকার মানুষের জানমালের নিরাপত্তা, মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে জিরো টলারেন্স ঘোষনা করা হয়েছে। দায়িত্ব পালনে সাংবাদিকদের বলেন, আপনাদের পারস্পারিক সহযোগীতায় আমরা কাজ করে যাব। বিভিন্ন তথ্য দিয়ে আমাকে সহযোগিতা করবেন, আমি যেন আমার উপর অপিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে পারি। তিনি সাংবাদিকদের নিকট সার্বিক সহযোগিতা কামনা করেছেন।

এসময় তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন এবং সকলকে যথাসময়ে তথ্য প্রদান করে সাংবাদিকদের সহযোগীতা করার আশ্বাস প্রদান করেন। তিনি সত্য তুলে ধরার পাশাপাশি ইতিবাচক সংবাদ প্রচারেরও আহ্বান জানান।

[redacted]

[redacted]

[redacted]

কাঙ্খিত জনবান্ধন চুয়াডাঙ্গা গড়তে নবাগত পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন জেলার সকল রাজনৈতিক, সামাজিক সংগঠনসহ সাংবাদিক, সুশীল সমাজ, ধর্মীয় নেতৃবৃন্দ ও সম্মানিত নাগরিকবৃন্দের সকলের সহযোগিতা কামনা করেছেন।

ইতোমধ্যেই জেলা পুলিশ, চুয়াডাঙ্গা জেলার সকল সকল সদস্য স্বতঃস্ফূর্তভাবে সদ্য যোগদানকৃত পুলিশ সুপার মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন।

আব্দুল্লাহ আল-মামুন বিদায়ী পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা এর স্থলাভিষিক্ত হলেন। তিনি সিআইডি, ঢাকায় পুলিশ সুপার হিসেবে বদলি হয়েছেন।

শুভেচ্ছাক্ষণে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মুন্না বিশ্বাস। সকল থানার অফিসার ইনচার্জ, ডিআইও-১, আরআই, টিআই সহ জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার-ফোর্সগণ।